

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৮

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ৬০. মোজার উপর মাসাহ করার সময়সীমা

باب التَّوْقِيتِ فِي الْمَسْح

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينٍ، حَدَّثَنَا عَمْرُو بْنُ الرَّبِعِ بْنِ طَارِقٍ، أَخْبَرَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ رَزِينِ، عَنْ مُحَمَّدِ بْنِ يَزِيدَ، عَنْ أَيُّوبَ بْنِ قَطَنٍ، عَنْ أَبُى بْنِ عِمَارَةَ، _ قَالَ يَحْيَى بْنُ أَيُّوبَ وَكَانَ قَدْ صَلَّى مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم لِلْقِبْلَتَيْنِ _ أَنَّهُ قَالَ يَكْمُ وَمَا قَالَ " يَوْمًا قَالَ " يَوْمًا " . قَالَ وَيَوْمَيْنِ قَالَ " يَوْمًا قَالَ " يَوْمًا قَالَ " يَوْمًا قَالَ " يَوْمًا قَالَ اللهِ عَلَى الْخُفَيْنِ قَالَ " نَعَمْ وَمَا شِئْتَ " . قَالَ يَوْمًا قَالَ " يَوْمًا اللهِ أَمْسَحُ عَلَى الْخُفَيْنِ قَالَ " نَعَمْ وَمَا شِئْتَ " . قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ ابْنُ أَبِي مَرْيَمَ الْمُصِرِيُّ عَنْ يَحْيَى بْنِ أَيُوبَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ رَزِينٍ عَنْ مُحَمَّدِ بْنِ يَزِيدَ بْنِ أَبِي الْمُصِرِيُّ عَنْ يُحْيَى بْنِ أَيُّوبَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ رَزِينٍ عَنْ مُحَمَّدِ بْنِ يَزِيدَ بْنِ أَبِي الْمُصِرِيُّ عَنْ يُحْيَى بْنِ أَيُوبَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ رَزِينٍ عَنْ مُحَمَّد بْنِ يَزِيدَ بْنِ أَبِي مَرْيَمَ وَمَا بَدَا لَكَ ". قَالَ أَبُو دَاوُدَ وَقَد اخْتُلِفَ فِي إِسْنَادِهِ وَلَيْسَ صَلَى الله عليه وسلم " نَعَمْ وَمَا بَدَا لَكَ ". قَالَ أَبُو دَاوُدَ وَقَد اخْتُلِفَ فِي إِسْنَادِهِ وَلَيْسَ الله عليه وسلم " نَعَمْ وَمَا بَدَا لَكَ ". قَالَ أَبُو دَاوُدَ وَقَد اخْتُلِفَ فِي إِسْنَادِهِ وَلَيْسَ الله عَلِيه وَمَا أَبْنُ أَبِي مَرْيَمَ وَيَحْيَى بْنُ إِسْحَاقَ السِيْلَحِينِيُّ عَنْ يَحْيَى بْنِ أَيُّوبَ وَقَدِ اخْتُلِفَ فِي إِسْنَادِهِ .

_ ضعیف

বাংলা

১৫৮। উবাই ইবনু 'ইমারাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে উভয় কিবলার দিকেই সালাত আদায় করেছিলেন- তিনি বলেন, হে আল্লাহর রসূল! আমি কি মোজার উপর মাসাহ্ করব? তিনি বলেন, হ্যাঁ। উবাই (রাঃ) জিজ্ঞাসা করলেন, একদিন? তিনি বলেন, হ্যাঁ একদিন। তিনি জিজ্ঞাসা করলেন, দু' দিন? তিনি বলেন, হ্যাঁ দু' দিনও। তিনি জিজ্ঞাসা করলেন তিনদিন? তিনি বলেন, হ্যাঁ তিনদিন এবং তোমার যতদিন ইচ্ছা হয়। (অন্য বর্ণনায় রয়েছে) উবাই ইবনু 'ইমারাহ তাতে সাত দিন পর্যন্ত জিজ্ঞাসা করেছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার উত্তরেও বলেছিলেন, হ্যাঁ, তোমার যতদিন ইচ্ছা



হয়।[1]

দুর্বল।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, হাদীসটির সানাদে মতভেদ আছে। এটি শক্তিশালী হাদীস নয়। ইবনু আবূ মারিয়াম, ইয়াহ্ইয়া ইবনু ইসহাক, আস-সিলাহীনী এবং ইয়াহ্ইয়া ইবনু আইয়ূব (রহঃ) প্রমুখ বর্ণনাকারী এটি বর্ণনা করেছেন এবং এর সানাদ নিয়ে মতানৈক্য করেছেন।

English

Narrated Ubayy ibn Umarah:

I asked: Messenger of Allah () may I wipe over the socks? He replied: Yes. He asked: For one day? He replied: For one day. He again asked: And for two days? He replied: For two days too. He again asked: And for three days? He replied: Yes, as long as you wish.

Abu Dawud said: Another version says: He asked him about the period until he reached the period of seven days. The Messenger of Allah (ﷺ) replied: Yes, as long as you wish (i.e. there is no time limit).

Abu Dawud said: There is a variance in the chain of narrators of this tradition. The chain is not strong.

Another chain from Yahya b. Ayyub is also disputed.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মোজার উপর মাসাহ্ করা, হাঃ ৫৫৭) ইয়াহইয়া ইবনু আইয়ূব সূত্রে 'আব্দুর রাহমান ইবনু রাযীন থেকে, তিনি মুহাম্মাদ ইবনু ইয়াযীদ ইবনু আবূ যিনাদ থেকে, তিনি আইয়ূব ইবনু কুত্বন থেকে, তিনি 'উবাদাহ ইবনু মাসী থেকে, আবূ ইমারাহ সূত্রে। আবূ দাউদ এটিকে দুর্বল বলেছেন। ইবনু হাজার 'আত-তাহযীব' গ্রন্থে আইয়ূব ইবনু কুত্বন এর জাবনীতে বলেন (১/৩৫৮): উবাই ইবনু ইমারাহ থেকে... মুহাম্মাদ ইবনু ইয়াযীদ, আবূ যিয়াদ থেকে। এর সনদে জাহালাত ও ইয়তিরাব আছে। মুহাম্মাদ ইবনু ইয়াযীদ ইবনু আবূ যিয়াদ সম্পর্কে আবূ হাতিম বলেন, অজ্ঞাত (মাজহুল)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উবাই বিন ইমারাহ (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 57476$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন